

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ
গেজেট
অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ১৭, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
পরিবেশ-৩ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ২৭ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ/১১ জানুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ১২-আইন/২০২১।—বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন) এর ধারা ২০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ২ এর দফা (ঙ) এর পর নিম্নরূপ নূতন দফা (ঙঙ) সন্নিবেশিত হইবে, যথা :—

“(ঙঙ) “ব্যক্তি” অর্থ আইনের ধারা ২ এর দফা (জ) এ সংজ্ঞায়িত ব্যক্তি;”;

(খ) বিধি ৪ এর পর নিম্নরূপ নূতন বিধি ৪ক সন্নিবেশিত হইবে, যথা :—

“৪ক। কোনো অবকাঠামো নির্মাণ, পুনর্নির্মাণ, মেরামত বা সংস্কার কার্যে সৃষ্ট বায়ুদূষণ নিয়ন্ত্রণ।—(১) রাস্তা, ড্রেন, ভবন ও অন্যান্য অবকাঠামো নির্মাণ, পুনর্নির্মাণ, মেরামত বা সংস্কার কার্য পরিচালনার সময় সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান বায়ুদূষণ নিয়ন্ত্রণে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করিবে, যথা :—

(ক) নির্মাণ স্থলে যথাযথ অস্থায়ী ছাউনি বা বেটনী স্থাপনসহ নির্মাণাধীন ভবন ঢাকিয়া রাখা;

(খ) সকল প্রকার নির্মাণ সামগ্রী (মাটি, বালি, রড, সিমেন্ট, ইত্যাদি) আবৃত বা ঢাকিয়া রাখা;

(৫৬৯)

মূল্য : টাকা ৪০০০

- (গ) নির্মাণ সামগ্রী (মাটি, বালি, সিমেন্ট, ইট, ময়লা-আবর্জনা, ইত্যাদি) পরিবহণে ব্যবহৃত ট্রাক, ভ্যান বা লরি আবৃত বা ঢাকিয়া পরিবহণের ব্যবস্থা করা;
- (ঘ) মাটি, বালি, সিমেন্ট, ইট, ময়লা-আবর্জনা, ইত্যাদি পরিবহণে ব্যবহৃত ট্রাক, ভ্যান বা লরির চাকার কাঁদা-মাটি বা ময়লা-আবর্জনা পরিষ্কার করিয়া রাস্তায় চলাচলের ব্যবস্থা করা;
- (ঙ) নির্মাণ সামগ্রী (মাটি, বালি, সিমেন্ট, ইত্যাদি) রাস্তায়, ফুটপাতে বা যত্রতত্র ফেলিয়া না রাখা;
- (চ) নির্মাণ, পুনর্নির্মাণ বা মেরামত স্থলের আশেপাশে দিনে কমপক্ষে ২ (দুই) বার পানি ছিটানো; এবং
- (ছ) পারিপার্শ্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতাসহ যথাযথ বর্জ্য ব্যবস্থাপনা নিশ্চিত করা।

(২) কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান উপ-বিধি (১) এর বিধান লঙ্ঘন করিলে প্রথমবার অপরাধের ক্ষেত্রে অনধিক ১ (এক) বৎসরের কারাদণ্ড বা অনধিক ১ (এক) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড এবং পরবর্তী প্রতিবারের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে
জিয়াউল হাসান এনডিসি
সচিব।